

নন-এমপিও শিক্ষকদের আন্দোলন স্থগিত

স্টাফ রিপোর্টার || পানি খাইয়ে নন-এমপিও আন্দোলনরত শিক্ষকদের অনশন ভাসিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। মঙ্গলবার রাতে শিক্ষকরা শিক্ষামন্ত্রীর বাসভবনে সাক্ষাত করতে গেলে শিক্ষকদের পানি খাইয়ে অনশন ভাঙ্গান। এ সময় শিক্ষকরা তাদের আন্দোলন স্থগিত করার ঘোষণা দেন। মঙ্গলবার রাতে দীপু মনির ফুলার রোডের বাসভবনে আন্দোলনরত শিক্ষকদের একটি প্রতিনিধি দল শিক্ষামন্ত্রীর সঙ্গে সাক্ষাতের পর এমন ঘোষণা দেন।

শিক্ষামন্ত্রী জানান, বুধবার নতুন করে এমপিও ঘোষণার পর আগামী ১৪ নবেম্বর নীতিমালা সংশোধনের জন্য একটি কমিটি গঠন করবে মন্ত্রণালয়। সেই কমিটিতে নন-এমপিও শিক্ষকদের প্রতিনিধিও রাখা হবে। আর স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলোকে যোগ্য করে গড়ে তুলতে সহায়তা দেবে মন্ত্রণালয়। শিক্ষামন্ত্রী আরও জানান, খুব শীত্রিই আন্দোলনরত শিক্ষকদের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের ব্যবস্থা করা হবে।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্ত্ত
শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লিঃ ও জনকর্ত্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি.এ ৭৯৬।

কার্যালয়: জনকর্ত্ত ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি এলাকা, ঢাকা।
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

ফোন: ৯৩৮ ৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকর্ত্ত: www.edailyjanakantha.com

Copyright © All rights reserved by dailyjanakantha.com